# Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19, 2021

**Class: Eight** **Subject: English**

| Assignment Serial | Unit and Unit Tittle | Lesson no and Title | Assignment | Instruction | Assessment Rubrics |
|---|---|---|---|---|---|
| **Assignment-2** | Unit-2:<br>Food and nutrition | Lesson-1:<br>Good Food<br><br>Lesson-2:<br>Kind of food<br><br>Lesson-3:<br>Our daily diet | **Lesson 3:**<br>Our daily diet Your Daily Diet<br>1. Make a list of food items you take every day as breakfast, brunch( a meal between breakfast and lunch), lunch, afternoon tea(a small meal you can have in the afternoon) and, dinner and, identify what kinds of food they are. For example-Protein, Carbohydrate etc.<br>2. Decide if your daily diet is balanced. If yes, give reasons.<br>3. If it's not, explain why not. | Students will read lesson-2 & 3 and collect the necessary information to complete the assignment. | **Excellent:**<br>Students will be awarded 'Éxcellent' for relevant information, appropriate content & grammar, spelling, punctuation, complete communication and creativity.<br><br>**Very Good:**<br>Students will be awarded 'Vèry Good' for relevant information, appropriate content and grammar, spelling, punctuation, partial communication and creativity.<br><br>**Good:**<br>Students will be awarded 'Good' for inadequate content, errors in grammar, spelling & punctuation mistakes, less communication and creativity.<br><br>**Needs Improvement:**<br>Students will be awarded 'Needs Improvement' for irrelevant information, inappropriate content, frequent grammar, spelling and punctuation mistakes along with incomplete communication and creativity. |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: কৃষি শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **প্রথম অধ্যায়:** আমাদের জীবনে কৃষি | পাঠ- **২:** ফসল, মৎস, পশুপাখিওবনায়ন<br>পাঠ- **৩:** কৃষি বিষয়ক প্রয়োজনীয় তথ্য ও সেবা প্রাপ্তির উৎস<br>পাঠ- ৪: কৃষি শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক রিনা বেগম ২০২০ সালে নিকলী উপজেলায় অনুষ্ঠিত 'কৃষি মেলা' দেখতে যান। তিনি মেলায় প্রদর্শিত কৃষি জাত পণ্য, বিভিন্ন ফসলের নানা জাতের চারা ও গাছের উন্নত ফলন দেখে কৃষি কাজের প্রতি আকৃষ্ট হয়ে নিজের পৈত্রিক জমিতে কৃষি কার্যক্রম পরিচালনা করতে আগ্রহী হন। কৃষি কার্যক্রম পরিচালনা করতে রিনা বেগম অভিজ্ঞ কৃষক, কৃষি মেলা, কৃষি শিক্ষা, কৃষি গবেষণা, কৃষি তথ্য ও সেবা প্রাপ্তির উৎসগুলো কীভাবে কাজে লাগাবেন? নিচের প্রশ্নগুলোর উত্তরের মাধ্যমে তোমার মতামত উপস্থাপন কর-<br>১। রীনা বেগম কৃষি মেলায় কী কী কৃষিজাত পণ্য দেখতে পেয়েছিলেন?<br>২। তার কৃষিকার্যক্রম বাস্তবায়নের জন্য কাদের নিকট থেকে প্রয়োজনীয় তথ্য ও সেবা পেতে পারে।<br>৩। কৃষি বিষয়ে শিক্ষা গ্রহণ ও গবেষণা করতে কোন কোন প্রতিষ্ঠান ভূমিকা রাখতে পারে?<br>৪। একজন অভিজ্ঞ কৃষক কীভাবে রীনা বেগমকে সহায়তা করতে পারে?<br>৫। একজন কৃষক ও একজন কৃষি বিজ্ঞানীকে তুমি কীভাবে আলাদা করবে? | ১) শিক্ষার্থীরা ১ম অধ্যায়ের পাঠ ২, ৩ ও ৪ এর আলোকে বিষয়বস্তু সম্পর্কে ধারণা নিবে।<br>২) শিক্ষার্থীরা ইন্টারনেটের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের চেষ্টা করবে।<br>৩) নিজ পরিবারের সদস্যদের সাথে মতবিনিময় করতে পারবে।<br>৪) তথ্য প্রযুক্তি যেমন- Facebook, Email, Skype, Mobile ইত্যাদি ব্যবহার করে অভিজ্ঞ কৃষক, কৃষি বিষয়ক শিক্ষক, কৃষি বিজ্ঞানী, কৃষি বিষয়ক কর্মকর্তা, কৃষি মেলার আয়োজক প্রভৃতি ব্যক্তিবর্গের সাথে মতবিনিময় করতে পারে।<br>৫) কোনো তথ্য উৎস থেকে অবিকল (হু বহু) কোনো তথ্য লিখে এ্যাসাইনমেন্ট জমা দেয়া যাবে না।<br>৬) নির্ধারিত সময়ের মধ্যে এ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।<br>৭) শিক্ষার্থীদের নিজ হাতে এ্যাসাইনমেন্ট লিখতে হবে।<br>৮) শিক্ষার্থীদেরকে তাদের পিতামাতা, ভাইবোন, আত্মীয়স্বজন, শিক্ষকগণ লিখে দিলে তা বাতিল হবে।<br>৯) যে কোনো কাগজ ব্যবহার করা যাবে।<br>১০) ১ম পৃষ্ঠায় নাম, শ্রেণি, রোল, বিষয়, এ্যাসাইনমেন্টের শিরোনাম স্পস্টভাবে লিখতে হবে। | **অতি উত্তম:**<br>১. সঠিকভাবে ৫টি প্রশ্নের উত্তর লিখতে পারলে<br>২. প্রশ্নগুলোর উত্তর পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ থাকলে<br>৩. লেখায় লক্ষ্যণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে<br>**উত্তম:**<br>১.অধিকাংশ (৩/৪ টি) প্রশ্নের উত্তর সঠিকভাবে লিখতে পারলে<br>২. প্রশ্নগুলোর উত্তর অধিকাংশ ক্ষেত্রেই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ থাকলে<br>৩.লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে<br>**ভালো:**<br>১. কমপক্ষে ২টি প্রশ্নের উত্তর সঠিকভাবে লিখতে পারলে<br>২. প্রশ্নগুলোর উত্তর পাঠ্যপুস্তকের সাথে আংশিক সংগতিপূর্ণ থাকলে<br>৩. লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. কোনো প্রশ্নের উত্তরই সঠিকভাবে লিখতে না পারলে<br>২. প্রশ্নগুলোর উত্তরে পাঠ্যপুস্তকের সাথে সংগতির অভাব থাকলে<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত থাকলে |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: কৃষি শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:**<br>কৃষি প্রযুক্তি | পাঠ- **১:**<br>পানি সেচের প্রয়োজনীয়তা ও কার্যকারিতা বৃদ্ধি<br>পাঠ- **২:**<br>সেচ পদ্ধতি<br>পাঠ- **৩:**<br>পানি নিষ্কাশনের ধারণা ও উদ্দেশ্য<br>পাঠ- **৪:**<br>মাছের পুকুরের পানি শোধন | সখীপুর গ্রামের সবুজ বাড়ির উত্তর পাশের ঢালু জমিতে সবজি চাষ করেছেন। দক্ষিণ পাশের জমিতে একটি পেঁপে বাগান করেছেন। এছাড়া তিনি বাড়ির সামনে একটি বীজতলা তৈরি করেছেন। উপরোক্ত তথ্যের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।<br>১। বি.আই.পি, সি.আই.পি, কে.আই.পি, এম.আই.পিওজি.কে প্রজেক্ট-এর পূর্ণরূপ লিখ।<br>২। সবুজ ঢালু জমিতে, ফলবাগানে ও বীজতলায় কোন কোন পদ্ধতিতে পানি সেচ দিবে?<br>৩। তোমার লেখা পদ্ধতিগুলোর কমপক্ষে একটি করে সুবিধা লেখ।<br>৪। পানির অপচয় রোধে কোন সেচ পদ্ধতিটি অধিক কার্যকর- তোমার মতামত দাও | ১. এ্যাসাইনমেন্ট তৈরি করতে এনসিটিবি প্রণীত ২০২১ শিক্ষাবর্ষের কৃষি শিক্ষা পাঠ্যবই- এ প্রদত্ত দ্বিতীয় অধ্যায়ের পাঠ-১ ও ২ থেকে সহায়তা নেওয়া যেতে পারে<br>২. এছাড়াও বিষয় শিক্ষক, অভিভাবক, ইন্টারনেট ও কৃষি বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিবর্গের সহায়তা নেওয়া যেতে পারে | **অতি উত্তম:**<br>১। সকল প্রশ্নের উত্তরের বিষয়বস্তু পরিপূর্ণ মাত্রায় সঠিক ও ধারাবাহিক<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩। লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ প্রশ্নের উত্তরের বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩। লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১। অধিকাংশ প্রশ্নের উত্তরের বিষয়বস্তু সঠিক হলে ও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে আংশিক সঙ্গতিপূর্ণ<br>৩। লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। প্রশ্নের উত্তরের বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতির অভাব<br>৩। লেখার নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |